গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়
উপকরণ-২ শাখা
www.moa.gov.bd

নং- ১২.০০.০০০০.০২৬.৩৮.০০৫.২৫.১৮৩

তারিখ : ১৪ জ্যৈষ্ঠ ১৪৩২ / ২৮ মে ২০২৫

**বিষয়: ২০২৪-২৫ অর্থবছরে কৃষি পুনর্বাসন সহায়তা খাত হতে লেবুর উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে লেবুর চারা বিতরণ বাবদ কৃষি প্রণোদনা কর্মসূচির জি.ও জারি।**

সূত্র: কৃষি মন্ত্রণালয়ের স্মারক নং- ১২.০০.০০০০.০২৬.৩৮.০০৫.২৫.১৭৯, তারিখ: ২৮/০৫/২০২৫ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের প্রেক্ষিতে, অর্থ বিভাগের অনুমোদনক্রমে ২০২৪-২৫ অর্থবছরে কৃষি পুনর্বাসন সহায়তা খাত হতে লেবুর উৎপাদন বৃদ্ধির জন্য ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকের মাঝে বিনামূল্যে লেবুর চারা বিতরণ প্রণোদনা কর্মসূচি বাবদ ছাড়কৃত ১০০.৫০ লক্ষ (এক কোটি পঞ্চাশ হাজার) টাকা ০২ নং অনুচ্ছেদে উল্লিখিত জেলাভিত্তিক কৃষক ও অর্থ বিভাজন; ০৩ নং অনুচ্ছেদে উল্লিখিত বাস্তবায়ন পদ্ধতি, শর্তাবলী ও প্রচলিত যাবতীয় আর্থিক বিধি-বিধানের আলোকে ব্যয় করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলোঃ

০২। এ প্রণোদনা কর্মসূচির জেলাভিত্তিক উপকারভোগী কৃষক ও অর্থ বিভাজন (এক নজরে প্রণোদনা কর্মসূচি)

(লক্ষ টাকা)

| ক্র: নং | জেলার নাম | উপকারভোগী কৃষকের সংখ্যা | চারার পরিমান (সংখ্যা) | উপকরণের ব্যয় (লক্ষ টাকা) | | | | | মোট বরাদ্দ (লক্ষ টাকা) |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | '৩২৫১১০৯- বীজ ও চারা' | '৩৬৩১১৯৯- অন্যান্য অনুদান' | | | | |
| | | | | | জৈব সার | পরিবহন ব্যয় | আনুষঙ্গিক ও অপ্রত্যাশিত ব্যয় | মোট অন্যান্য ব্যয় | |
| ১ | ঢাকা | ৯০০ | ৪৫০০ | ১.১২৫ | ১.৬৬৫ | ০.১৩৫ | ০.০৯০ | ০.২২৫ | ৩.০১৫ |
| ২ | নারায়ণগঞ্জ | ৯০০ | ৪৫০০ | ১.১২৫ | ১.৬৬৫ | ০.১৩৫ | ০.০৯০ | ০.২২৫ | ৩.০১৫ |
| ৩ | গাজীপুর | ৯০০ | ৪৫০০ | ১.১২৫ | ১.৬৬৫ | ০.১৩৫ | ০.০৯০ | ০.২২৫ | ৩.০১৫ |
| ৪ | নরসিংদী | ৮০০ | ৪০০০ | ১.০০০ | ১.৪৮০ | ০.১২০ | ০.০৮০ | ০.২০০ | ২.৬৮০ |
| ৫ | মুন্সীগঞ্জ | ৮০০ | ৪০০০ | ১.০০০ | ১.৪৮০ | ০.১২০ | ০.০৮০ | ০.২০০ | ২.৬৮০ |
| ৬ | মানিকগঞ্জ | ৮০০ | ৪০০০ | ১.০০০ | ১.৪৮০ | ০.১২০ | ০.০৮০ | ০.২০০ | ২.৬৮০ |
| ৭ | টাঙ্গাইল | ৮০০ | ৪০০০ | ১.০০০ | ১.৪৮০ | ০.১২০ | ০.০৮০ | ০.২০০ | ২.৬৮০ |
| ৮ | ময়মনসিংহ | ৮০০ | ৪০০০ | ১.০০০ | ১.৪৮০ | ০.১২০ | ০.০৮০ | ০.২০০ | ২.৬৮০ |
| ৯ | জামালপুর | ৯০০ | ৪৫০০ | ১.১২৫ | ১.৬৬৫ | ০.১৩৫ | ০.০৯০ | ০.২২৫ | ৩.০১৫ |
| ১০ | নেত্রকোনা | ৮০০ | ৪০০০ | ১.০০০ | ১.৪৮০ | ০.১২০ | ০.০৮০ | ০.২০০ | ২.৬৮০ |
| ১১ | কুমিল্লা | ৯০০ | ৪৫০০ | ১.১২৫ | ১.৬৬৫ | ০.১৩৫ | ০.০৯০ | ০.২২৫ | ৩.০১৫ |
| ১২ | ব্রাহ্মণবাড়িয়া | ৮০০ | ৪০০০ | ১.০০০ | ১.৪৮০ | ০.১২০ | ০.০৮০ | ০.২০০ | ২.৬৮০ |
| ১৩ | সিলেট | ৯০০ | ৪৫০০ | ১.১২৫ | ১.৬৬৫ | ০.১৩৫ | ০.০৯০ | ০.২২৫ | ৩.০১৫ |
| ১৪ | মৌলভীবাজার | ৯০০ | ৪৫০০ | ১.১২৫ | ১.৬৬৫ | ০.১৩৫ | ০.০৯০ | ০.২২৫ | ৩.০১৫ |
| ১৫ | হবিগঞ্জ | ৮০০ | ৪০০০ | ১.০০০ | ১.৪৮০ | ০.১২০ | ০.০৮০ | ০.২০০ | ২.৬৮০ |
| ১৬ | চট্টগ্রাম | ৯০০ | ৪৫০০ | ১.১২৫ | ১.৬৬৫ | ০.১৩৫ | ০.০৯০ | ০.২২৫ | ৩.০১৫ |
| ১৭ | কক্সবাজার | ৮০০ | ৪০০০ | ১.০০০ | ১.৪৮০ | ০.১২০ | ০.০৮০ | ০.২০০ | ২.৬৮০ |
| ১৮ | রাংগামাটি | ৯০০ | ৪৫০০ | ১.১২৫ | ১.৬৬৫ | ০.১৩৫ | ০.০৯০ | ০.২২৫ | ৩.০১৫ |
| ১৯ | খাগড়াছড়ি | ৮০০ | ৪০০০ | ১.০০০ | ১.৪৮০ | ০.১২০ | ০.০৮০ | ০.২০০ | ২.৬৮০ |
| ২০ | বান্দরবান | ৯০০ | ৪৫০০ | ১.১২৫ | ১.৬৬৫ | ০.১৩৫ | ০.০৯০ | ০.২২৫ | ৩.০১৫ |
| ২১ | রাজশাহী | ৮০০ | ৪০০০ | ১.০০০ | ১.৪৮০ | ০.১২০ | ০.০৮০ | ০.২০০ | ২.৬৮০ |
| ২২ | নাটোর | ৯০০ | ৪৫০০ | ১.১২৫ | ১.৬৬৫ | ০.১৩৫ | ০.০৯০ | ০.২২৫ | ৩.০১৫ |
| ২৩ | চাঁপাই নবাবগঞ্জ | ৮০০ | ৪০০০ | ১.০০০ | ১.৪৮০ | ০.১২০ | ০.০৮০ | ০.২০০ | ২.৬৮০ |
| ২৪ | পাবনা | ৯০০ | ৪৫০০ | ১.১২৫ | ১.৬৬৫ | ০.১৩৫ | ০.০৯০ | ০.২২৫ | ৩.০১৫ |
| ২৫ | সিরাজগঞ্জ | ৮০০ | ৪০০০ | ১.০০০ | ১.৪৮০ | ০.১২০ | ০.০৮০ | ০.২০০ | ২.৬৮০ |
| ২৬ | দিনাজপুর | ৯০০ | ৪৫০০ | ১.১২৫ | ১.৬৬৫ | ০.১৩৫ | ০.০৯০ | ০.২২৫ | ৩.০১৫ |
| ২৭ | ঠাকুরগাঁও | ৯০০ | ৪৫০০ | ১.১২৫ | ১.৬৬৫ | ০.১৩৫ | ০.০৯০ | ০.২২৫ | ৩.০১৫ |
| ২৮ | যশোর | ৮০০ | ৪০০০ | ১.০০০ | ১.৪৮০ | ০.১২০ | ০.০৮০ | ০.২০০ | ২.৬৮০ |

| ক্র: নং | জেলার নাম | উপকারভোগী কৃষকের সংখ্যা | চারার পরিমান (সংখ্যা) | উপকরণের ব্যয় (লক্ষ টাকা) | | | | | মোট বরাদ্দ (লক্ষ টাকা) |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | '৩২৫১১০৯- বীজ ও চারা' | '৩৬৩১১৯৯- অন্যান্য অনুদান' | | | | |
| | | | | | জৈব সার | পরিবহন ব্যয় | আনুষঙ্গিক ও অপ্রত্যাশিত ব্যয় | মোট অন্যান্য ব্যয় | |
| ২৯ | খুলনা | ৯০০ | ৪৫০০ | ১.১২৫ | ১.৬৬৫ | ০.১৩৫ | ০.০৯০ | ০.২২৫ | ৩.০১৫ |
| ৩০ | নড়াইল | ৯০০ | ৪৫০০ | ১.১২৫ | ১.৬৬৫ | ০.১৩৫ | ০.০৯০ | ০.২২৫ | ৩.০১৫ |
| ৩১ | বরিশাল | ৯০০ | ৪৫০০ | ১.১২৫ | ১.৬৬৫ | ০.১৩৫ | ০.০৯০ | ০.২২৫ | ৩.০১৫ |
| ৩২ | ঝালকাঠি | ৯০০ | ৪৫০০ | ১.১২৫ | ১.৬৬৫ | ০.১৩৫ | ০.০৯০ | ০.২২৫ | ৩.০১৫ |
| ৩৩ | পটুয়াখালী | ৯০০ | ৪৫০০ | ১.১২৫ | ১.৬৬৫ | ০.১৩৫ | ০.০৯০ | ০.২২৫ | ৩.০১৫ |
| ৩৪ | বরগুনা | ৮০০ | ৪০০০ | ১.০০০ | ১.৪৮০ | ০.১২০ | ০.০৮০ | ০.২০০ | ২.৬৮০ |
| ৩৫ | গোপালগঞ্জ | ৯০০ | ৪৫০০ | ১.১২৫ | ১.৬৬৫ | ০.১৩৫ | ০.০৯০ | ০.২২৫ | ৩.০১৫ |
| মোট | | ৩০০০০ | ১৫০০০০ | ৩৭.৫০০ | ৫৫.৫০০ | ৪.৫০০ | ৩.০০০ | ৭.৫০০ | ১০০.৫০ |

কৃষক প্রতি সহায়তা ৩৩৫.০০ টাকার উপকরণ। এর মধ্যে-
* কৃষককে ৫ টি করে লেবুর চারা দেওয়া হবে;
* প্রতি চারার মূল্য ২৫.০০ টাকা ধরা হয়েছে;
*জৈব সার বাবদ ১৮৫.০০ টাকা ধরা হয়েছে;
*পরিবহন ব্যয় কেজি প্রতি ১.৫০ টাকা;
* আনুষংগিক ও অপ্রত্যাশিত ব্যয় কেজি প্রতি ১.০০ টাকা ধরা হয়েছে

০৩। কর্মসূচির বাস্তবায়ন পদ্ধতি এবং এ সংক্রান্ত অর্থ ব্যয়ের শর্তাবলী:

১. ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে PPA' ২০০৬ ও PPR' ২০০৮ অনুসরণপূর্বক প্রচলিত যাবতীয় আর্থিক বিধি-বিধান যথাযথভাবে প্রতিপালন করতে হবে। কোন অবস্থায়ই কর্মসূচির বরাদ্দকৃত অর্থের অতিরিক্ত অর্থ ব্যয় করা যাবে না। জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি কর্তৃক বরাদ্দকৃত সকল অর্থ উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির সভাপতি ও উপজেলা নির্বাহী অফিসার এর অনুকূলে ছাড় করতে হবে। ছাড়কৃত অর্থ ব্যয়সহ এ কার্যক্রম বাস্তবায়নে ভবিষ্যতে কোন অনিয়ম হলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ দায়ী থাকবেন;

২. কর্মসূচি প্রাপ্তির পর যথাসম্ভব দ্রুত জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি লক্ষ্যমাত্রা অনুযায়ী উপজেলাওয়ারী কৃষক সংখ্যা বিভাজন করবেন। উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি সভা করবেন এবং সংশ্লিষ্ট উপসহকারী কৃষি কর্মকর্তাগণ ক্ষুদ্র ও প্রান্তিক কৃষক নির্বাচন করে অগ্রাধিকারভিত্তিতে খসড়া তালিকা প্রস্তুত করবেন। জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির তত্ত্বাবধানে উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি উক্ত খসড়া তালিকা (প্রয়োজনে সংযোজন ও বিয়োজন করে) অনুমোদন ও উপকরণ বিতরণসহ অন্যান্য কার্যক্রম বরাদ্দকৃত অর্থ হতে এ আদেশে বর্ণিত পদ্ধতি ও শর্তাবলী অনুযায়ী বাস্তবায়ন করবেন। উপজেলা ও জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি কর্তৃক কৃষক তালিকা চূড়ান্ত করার পর 'কৃষক তথ্য ছক' পূরণ করে এর সফটকপি উপজেলা কৃষি কর্মকর্তা কর্তৃক উপকরণ বিতরণ কার্যক্রম শুরুর পূর্বে পরিচালক, সরেজমিন উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তরে (E-mail- admonitoring@dae.gov.bd/ ddmonitoring@yahoo.com) প্রেরণ করবেন। পরবর্তীতে কৃষি সম্প্রসারণ অধিদপ্তর কর্তৃক সমন্বিত প্রতিবেদন সরকারি ই-মেইল আইডি যোগে কৃষি মন্ত্রণালয়ে (E-mail-input2@moa.gov.bd/ moa.input2@gmail.com) আবশ্যিকভাবে প্রেরণ করতে হবে;

৩. কর্মসূচি প্রাপ্তির পর উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি দ্রুততম সময়ে তালিকাভুক্ত কৃষকের মাঝে উপকরণ বিতরণ কার্যক্রম শুরু করবেন। কর্মসূচির সকল উপকরণ উপজেলা সদর থেকে বিতরণ করতে হবে। সংশ্লিষ্ট ব্লকের উপসহকারী কৃষি কর্মকর্তা এ কর্মসূচির জন্য মনোনীত (অনুমোদিত অগ্রাধিকার তালিকাভুক্ত) প্রত্যেক কৃষকের ছবিযুক্ত কৃষি কার্ডের উপকরণ সহায়তা অংশে যথাযথভাবে উপকরণের পরিমাণ লিপিবদ্ধ করে যথারীতি মাস্টাররোল সংরক্ষণপূর্বক উপকরণ বিতরণ করবেন। কৃষি উপকরণ কার্ড না থাকলে মাস্টাররোলে অবশ্যই উপকরণ গ্রহণকারী কৃষকের জাতীয় পরিচয় পত্র ও মোবাইল নম্বর যুক্ত করতে হবে। মাস্টাররোলে উপকরণ গ্রহণকারী কৃষক স্বাক্ষর/টিপসহি প্রদান করবেন। উপসহকারী কৃষি কর্মকর্তা এতে স্বাক্ষর করবেন এবং উপজেলা কৃষি অফিসার এতে প্রতিস্বাক্ষর করবেন। বিতরণকৃত উপকরণ বা অর্থ কৃষক নিজে গ্রহণ করবেন, কোন অবস্থাতেই প্রকৃত তালিকাভুক্ত কৃষক ছাড়া অন্য কাউকে প্রদান করা যাবে না;

৪. ২০২৪-২৫ মৌসুমে লেবু চাষে সহযোগিতার জন্য প্রান্তিক ও ক্ষুদ্র, লেবু চাষে আগ্রহী এবং আবাদি জমি আছে এমন কৃষকগণই প্রণোদনা সহায়তা পাবেন। অনুমোদিত অগ্রাধিকার তালিকাভুক্ত প্রতি কৃষক লেবু চাষের জন্য ৫ (পাঁচ) টি করে লেবুর চারা সহায়তা পাবেন;

৫. স্থানীয় উপযোগিতার ভিত্তিতে অধিক ফলনশীল লেবু চারা বিনা/ হর্টিকালচার সেন্টার হতে নির্ধারিত মূল্যে সন্তোষজনক মান যাচাই সাপেক্ষে জেলা/উপজেলা পুনর্বাসন কমিটির সিদ্ধান্ত মোতাবেক সংগ্রহ করতে হবে। কাঙ্ক্ষিত মানের না হলে সংশ্লিষ্ট কর্মকর্তা/ কর্তৃপক্ষ দায়ী থাকবেন;

৬. কর্মসূচির সার বিসিআইসি'র কারখানা/বাফার গুদাম/বিক্রয়কেন্দ্র/মিল গেট/বিএডিসি'র জেলাস্থ/নিকটবর্তী গুদাম থেকে বিধি মোতাবেক ক্রয় করতে হবে। সারের মূল্য সরকার নির্ধারিত ভর্তুকি মূল্যে ধরা হয়েছে;

৭. জেলা হতে উপজেলার দূরত্ব ও বাস্তবতার নিরিখে পরিবহন ব্যয় জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি উপজেলাওয়ারী বিভাজন ও বরাদ্দ প্রদান করবেন;

৮. এ কর্মসূচির আওতায় রোপনকৃত লেবু চারা এর সার্বিক প্রতিবেদন প্রতিবছর জুন মাসে প্রতিবেদন ই-মেইলযোগে admonitoring@dae.gov.bd/ ddimplement@dae.gov.bd এ প্রেরণ করতে হবে। পরিচালক, সরেজমিন উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর উক্ত তথ্য কৃষি মন্ত্রণালয়ে প্রেরণের বিষয়টি নিশ্চিত করবেন;

৯. উপজেলা কৃষি অফিসার ও সদস্য সচিব, উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি প্রণোদনা জন্য প্রদত্ত উপকরণ বিতরণের নিমিত্ত ব্লক/ইউনিয়ন ভিত্তিক বিতরণ রেজিস্টার, সংশ্লিষ্ট কৃষকের তালিকাসহ যাবতীয় হিসাবাদি ও কাগজপত্র সংরক্ষণ করবেন এবং উপকরণ বিতরণের তালিকা ০১ (এক) কপি সংশ্লিষ্ট উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর এর নিকট প্রেরণ করবেন। উপপরিচালক সংশ্লিষ্ট জেলার উপজেলা থেকে প্রাপ্ত উপকরণ বিতরণের তালিকা ০১ (এক) কপি সংরক্ষণ করবেন এবং ০১ কপি কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের মহাপরিচালকের নিকট প্রেরণ করবেন এবং এর ০১ (এক) কপি ৩২ টি জেলার জেলা প্রশাসক ও সভাপতি, কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি এবং ৩ (তিন) পার্বত্য জেলার জেলা পরিষদ চেয়ারম্যান ও সভাপতি, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির নিকট প্রেরণ করবেন। এছাড়া, উপকারভোগী কৃষকের তালিকা ডিএই'র জেলা ও উপজেলা কার্যালয়ের ওয়েবসাইটে প্রকাশ করতে হবে;

১০. এ কর্মসূচির আওতায় ফসল কর্তন শেষ হওয়ার ১০ (দশ) কর্মদিবসের মধ্যে চূড়ান্ত প্রতিবেদন **ই-মেইলযোগে** admonitoring@dae.gov.bd/ ddimplement@dae.gov.bd এ প্রেরণ করতে হবে। পরিচালক, সরেজমিন উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর উক্ত তথ্য কৃষি মন্ত্রণালয়ে প্রেরণের বিষয়টি নিশ্চিত করবেন;

১১. প্রণোদনা কার্যক্রম শেষ হওয়ার পরে যথাসম্ভব দ্রুততার সাথে এ অর্থ ব্যয়ের বিস্তারিত বিবরণী ও সমন্বয় বিবরণী (অব্যয়িত অর্থ জমা দেয়ার চালানের ছায়ালিপিসহ) অর্থ বিভাগে প্রেরণের জন্য সংশ্লিষ্ট জেলার উপপরিচালক ও সদস্য সচিব, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি কর্তৃক admonitoring@dae.gov.bd/ddmonitoring@yahoo.com ই-মেইলে প্রেরণ করতে হবে। পরিচালক, সরেজমিন উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর উক্ত তথ্য কৃষি মন্ত্রণালয়ে প্রেরণের বিষয়টি নিশ্চিত করবেন। উক্ত সমন্বয় বিবরণীর ০১ (এক) কপি ৩২ টি জেলার জেলা প্রশাসক ও সভাপতি, কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি এবং ৩ (তিন) পার্বত্য জেলার জেলা পরিষদ চেয়ারম্যান ও সভাপতি, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির নিকটও প্রেরণ করতে হবে। **অগ্রিম উত্তোলিত অর্থ ৩০ জুন ২০২৫ তারিখের মধ্যে অবশ্যই সমন্বয় করতে হবে।** কোনোভাবেই বিলম্ব গ্রহণযোগ্য হবে না;

১২. **সার, চারা ও অন্যান্য ব্যয় বাবদ অর্থ বিতরণের সমগ্র প্রক্রিয়া যথাযথভাবে পরিবীক্ষণ করতে হবে;**

১৩. **এ কার্যক্রম বাস্তবায়নে চলমান অন্যান্য প্রণোদনা/ পুনর্বাসন কর্মসূচির সাথে দ্বৈততা যেন না হয়, সে বিষয়টি কৃষি সম্প্রসারণ অধিদপ্তর নিশ্চিত করবে;** এবং

১৪. **প্রণোদনা কার্যক্রম মনিটরিংয়ের জন্য 'কৃষক তথ্য' ছক (সরকারি ই-মেইলের** (E-mail- admonitoring@dae.gov.bd ও ddmonitoring@yahoo.com) **মাধ্যমে প্রেরণ করা হলে কর্মকর্তার স্বাক্ষরের প্রয়োজন নেই)**

জেলার নাম:

উপজেলার নাম:

ইউনিয়ন/ পৌরসভার নাম :

গ্রাম/মহল্লা/ওয়ার্ড নং:

| ক্রঃ নং | কৃষকের নাম | পিতা ও মাতার নাম | কৃষকের জাতীয় পরিচয় পত্রের নম্বর | কৃষকের মোবাইল নম্বর | কর্মসূচি সহায়তা বাবদ প্রাপ্ত চারা/ সার সহায়তার বিবরণ | ফসল উৎপাদন পর্যন্ত উঠান বৈঠকের সম্ভাব্য সংখ্যা |
|---|---|---|---|---|---|---|
| | | | | | চারা নাম ও জাত-<br>চারার পরিমাণ-<br>সারের নাম-<br>সারের পরিমাণ- | |


মোহাম্মদ সুহেল মাহমুদ
উপসচিব
ফোন নং ০২৫৫১০০৯৬৮
E-mail-input2@moa.gov.bd/
moa.input2@gmail.com


বিতরণ: জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতা ক্রমানুসারে নয়)

১. চেয়ারম্যান, জেলা পরিষদ (রাঙ্গামাটি, বান্দরবান ও খাগড়াছড়ি) ও সভাপতি, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি।
২. জেলা প্রশাসক ও সভাপতি, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি (সংশ্লিষ্ট ৩২ জেলা)।

নং- ১২.০০.০০০০.০২৬.৩৮.০০৬.২৫.১৮৪

তারিখ : ১৪ জ্যৈষ্ঠ ১৪৩২ / ২৮ মে ২০২৫

অনুলিপি : জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতা ক্রমানুসারে নয়)

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, ঢাকা।
২. সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. সচিব, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. চেয়ারম্যান, বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন, ৪৯-৫১, দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা।
৫. চেয়ারম্যান, বাংলাদেশ কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ কর্পোরেশন, বিসিআইসি ভবন, ৩০-৩১, দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা।

৬. মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা। **(উল্লিখিত শর্তাবলীর আলোকে কার্যক্রম সমাপ্ত হওয়ার পর যথাসময়ে সমন্বয় বিবরণী প্রেরণ নিশ্চিত করণের অনুরোধসহ)**
৭. মহাপরিচালক, বাংলাদেশ পরমাণু গবেষণা ইনস্টিটিউট, ময়মনসিংহ।
৮. অতিরিক্ত সচিব, (সার ব্যবস্থাপনা ও উপকরণ/ সম্প্রসারণ/প্রশাসন) অনুবিভাগ, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৯. মহাপরিচালক (বীজ), কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০. উপসচিব, প্রশাসন-৪ (বাজেট) অধিশাখা, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা **(আইবাস ++ এ এন্ট্রি প্রদানের ব্যবস্থা গ্রহণের জন্য)**।
১১. মাননীয় উপদেষ্টার একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১২. সচিব মহোদয়ের একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৩. চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, কৃষি মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
১৪. সিনিয়র তথ্য অফিসার, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৫. উপসচিব, সার ব্যবস্থাপনা ও মনিটরিং অধিশাখা, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৬. উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর ও সদস্য-সচিব, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি (সংশ্লিষ্ট জেলা)।
১৭. জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা (সংশ্লিষ্ট জেলা) **(শর্ত মোতাবেক যথাসময়ে ব্যয়ের সমন্বয় বিবরণী প্রস্তুতের সহযোগিতা প্রদানের অনুরোধসহ)**
১৮. উপজেলা নির্বাহী অফিসার ও সভাপতি, উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি (সংশ্লিষ্ট উপজেলা)।
১৯. উপজেলা কৃষি অফিসার ও সদস্য-সচিব, উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি (সংশ্লিষ্ট উপজেলা) **(শর্ত মোতাবেক এ প্রণোদনা কার্যক্রম সমাপ্ত হওয়ার পর যথাসময়ে ব্যয় সমন্বয় করে মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তরে প্রেরণের অনুরোধসহ)**।
২০. সহকারী প্রোগ্রামার, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা **(ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)**।
২১. হিসাবরক্ষণ কর্মকর্তা, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

মোহাম্মদ সুহেল মাহমুদ
উপসচিব